



রোববার থেকে সারাদেশে হামের টিকা দেবে সরকার



স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। ছবি: সংগৃহীত

রোববার থেকে সারাদেশে হামের টিকা কার্যক্রম শুরু করছে সরকার। জরুরি এই উদ্যোগের কথা জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। বুধবার মন্ত্রণালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি এ ঘোষণা দেন।

তিনি জানান, ৬ মাস থেকে ১০ বছর বয়সী শিশুদের এই টিকার আওতায় আনা হবে এবং পুরো লক্ষ্য জনগোষ্ঠী কভার না হওয়া পর্যন্ত কার্যক্রম চলবে। একই সঙ্গে সম্প্রসারিত টিকাদান কর্মসূচির (ইপিআই) অন্যান্য টিকাও নিয়মিতভাবে দেওয়া হবে।

মন্ত্রী আরও বলেন, বৃহস্পতিবার ও শুক্রবারের মধ্যেই প্রয়োজনীয় টিকা ও সিরিঞ্জ সংগ্রহ করে সেগুলো দেশের বিভিন্ন স্থানে পৌঁছে দেওয়া হবে। টিকাদান কার্যক্রম নির্বিঘ্ন রাখতে স্বাস্থ্যকর্মীদের সব ধরনের ছুটি সাময়িকভাবে বাতিল করা হয়েছে।

এদিকে, সম্ভাব্য পরিস্থিতি মোকাবিলায় হাসপাতালগুলোতে পর্যাপ্ত ভেন্টিলেটর প্রস্তুত রাখা হয়েছে বলে জানান তিনি। পাশাপাশি রোগীদের জন্য প্রয়োজনীয় সংখ্যক শয্যার ব্যবস্থাও নিশ্চিত করা হয়েছে।